

বার্ষিক প্রতিবেদন ‘২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩’

প্রক্টর দপ্তর

ভূমিকা:

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু) প্রতিষ্ঠার পর দীর্ঘদিন বিলুপ্ত চট্টগ্রাম সরকারী ভেটেরিনারি কলেজ-এর ছাত্র-ছাত্রী শৃংখলা বিধি অনুযায়ী পরিচালিত হয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এতটাই সুশৃংখল ছিল যে, ২০১০ সালের পূর্বে বিশ্ববিদ্যালয়ে কোন প্রক্টর কিংবা সহকারী প্রক্টর এর প্রয়োজন হয়নি। পরিস্থিতির দাবীতে ২০১০ সালে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের আঙ্গিকে Rules Regarding Students’ Discipline and the Proctorial Rules প্রণয়ন করা হয় যাহা ০৭, ডিসেম্বর/২০১৯-এ আরও যুগোপযোগী ও কার্যকরী করা হয়। বিশ্ববিদ্যালয়ের মানসম্মত শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য কার্যক্রমসমূহ সুচারুরূপে পরিচালিত হওয়ার পরিবেশ নিশ্চিত করা। শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য কার্যক্রমসমূহ সুচারুভাবে সম্পন্ন হওয়ার পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিক শৃংখলা বজায় রাখার নিমিত্তে এ দপ্তর সর্বদা নিয়োজিত।

প্রক্টর দপ্তরের ভিশন ও মিশন:

ভিশন: রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ে আইন-কানুন, বিধি-বিধান এর প্রতি শ্রদ্ধাশীল মনোভাব তৈরির মাধ্যমে শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয় অভিত্ত লক্ষ্যে পৌঁছানো।

মিশন: শান্তি-শৃংখলা সম্মুন্নত রেখে বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য কার্যক্রমসমূহ সুচারুরূপে পরিচালিত হওয়ার পরিবেশ নিশ্চিত করা।

সেবা কার্যক্রমসমূহ

ক) নাগরিক সেবা:

- ১) রাষ্ট্রীয় ও বিশ্ববিদ্যালয়ের আইন-কানুন এবং বিধি-বিধান এর মাধ্যমে ছাত্র-ছাত্রীদের শিক্ষা ও গবেষণাসহ অন্যান্য সকল একাডেমি এবং ননএকাডেমি কার্যক্রমসমূহ সুচারুরূপে পরিচালিত হওয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শান্তি-শৃংখলা সম্মুন্নত রাখার পরিবেশ বজায় রাখা।
- ২) বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সদচারণ নিশ্চিত করা।
- ৩) রাষ্ট্রীয় এবং বিশ্ববিদ্যালয়-এর নিয়ম শৃংখলার প্রতি শিক্ষার্থীদের কাংখিত দৃষ্টিভঙ্গি তৈরী করা।
- ৪) শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষার মাধ্যমে সু-নাগরিক হিসেবে গড়ে তোলার পরিবেশ বজায় রাখা।
- ৫) বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃংখলা রক্ষার জন্য Rules relating to students’ discipline and the proctorial rules (approved by 44th Syndicate meeting, 2019) অনুযায়ী ডিসিপ্লিনারি কার্যক্রম পরিচালনা করা।
- ৬) বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট নিয়মানুযায়ী ছাত্র/ছাত্রী নিবাসে অবস্থানরত ছাত্র/ছাত্রীদের ডিসিপ্লিনারী নিয়ম-কানুন বাস্তবায়ন করা।
- ৭) শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে অথবা পার্শ্ববর্তী স্থানে কোন অনুষ্ঠান/সভা-সম্মেলন/মঞ্চস্থ/কোন ধরনের মিছিল-মিটিং বা প্রদর্শনী করার অনুমতি প্রদান করা।
- ৮) শিক্ষার্থীর শান্তি-শৃংখলা সংশ্লিষ্ট কর্মকান্ড প্রয়োজনে অভিভাবক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে আলোচনার মাধ্যমে সমাধান করা।

খ) প্রাতিষ্ঠানিক সেবা:

- ১) বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ কর্মকান্ডসমূহ রাষ্ট্রীয় রীতিনীতি ও নিয়ম শৃংখলার সাথে সমন্বয় করা।
- ২) বিশ্ববিদ্যালয়ের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করনে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা।
- ৩) অন্য প্রতিষ্ঠান/সংস্থা বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে কোন ধরনের অনুষ্ঠান/সভা-সম্মেলন/ক্যাম্পিং/ খেলাধুলা/ পরিদর্শন করার অনুমতি প্রদান করা।
- ৪) সরকারের বিভিন্ন শান্তি-শৃংখলা সংক্রান্ত সংস্থা সমূহের সাথে বিশ্ববিদ্যালয়ের শান্তি-শৃংখলা সংক্রান্ত তথ্য-উপাত্ত ও ঘটনা সমূহের সমন্বয় করা।

গ) অভ্যন্তরীণ সেবা:

- ১) শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের সার্বিক শান্তি শৃংখলা ও নিরাপত্তা সংশ্লিষ্ট কর্মকান্ড ও তথ্য সরবরাহ করার মাধ্যমে শৃংখলা ও নিরাপত্তা নিশ্চিত করা।

প্রফেসর ড. মোহাম্মদ মেজবাহ উদ্দিন

প্রক্টর, সিভাসু

০১৭২১০২০৬৬৫